

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নগর উন্নয়ন অধিদপ্তর

৮২, সেগুনবাগিচা, ঢাকা।

ই-মেইলঃ [director.udd1965@gmail.com](mailto:director.udd1965@gmail.com)

[www.udd.gov.bd](http://www.udd.gov.bd)

ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

স্মারক নং-ডিজি-২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৬.১৭-

তারিখঃ ১০/২০১৮ খ্রিঃ

প্রাপকঃ

মোঃ সারওয়ার-বিন-কাশেম

লেঃ কর্নেল ও অধিনায়ক

অধিনায়কের কার্যালয়

র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১

বাংলাদেশ পুলিশ

উত্তরা, ঢাকা।

বিষয়ঃ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১, সিপিসি-৩ এর স্থায়ী ক্যাম্প কমপ্লেক্স নির্মানের জন্য ৩.০০ (তিন) একর জমির অনাপত্তি ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ তাহার দপ্তরের স্মারক নং- র‍্যাব-১/১৩০৫/১/জমি অধিগ্রহণ/কিউ/সিপিসি-৩; তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০১৭

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১, সিপিসি-৩ এর স্থায়ী ক্যাম্প কমপ্লেক্স নির্মানের জন্য ঢাকা জেলার বাঘা থানাধীন সাতারকুল মৌজার সিটি খতিয়ান নং-২১৮১, ১৮৬৭, ৩২১৮, ৩৪৪২, ৩৯২০, ১৩৭৯, ৬৮১৪, ৩৪৫৪, ৪৪১০, ২৮৬০, ৩৪৫৭, ৫২৮, ৫৮৫৫, ৩৯, ৩৩৫০, ১৯৫৪, ৬৩৭১, ৬৩৭২, ৬৩৭৩, ২৭১৮, ৪০৬৮, ৮৯২, ২২৪৬ এর সিটি দাগ নং- ২২২৮, ২২২৯, ২২৩০, ২২৩১, ২২৩৫, ২২৩৬, ২২৩৭, ২২৩৮, ২২৩৯, ২২৪০, ২২৪১, ২২৪৩, ২২৫০, ২২৫১, ২২৫২, ২২৫৩ এবং ২২৫৪ যার সমতুল্য আর. এস দাগ নং- ২৭৮৯, ২৭৭০, ২৭৭১, ২৭৭২, ২৭৪৬, ৩৪০৬, ২৭৬৭, ২৭৬৯, ২৭৬৬, ২৭৬৫, ৩৩৯৫, ২৭৬৮, ৩৩৮৭, ২৭৬১, ২৭৬২, ২৭৬৩, ২৭৬৪ এ মোট ৩.০০ (তিন) একর জমির অনাপত্তি ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়। পর্যালোচনায় দেখা যায় উক্ত আবেদনপত্রের সাথে প্রেরিত কাগজপত্রে অসামঞ্জস্যতা আছে। যেমনঃ চাহিতব্য জমির পরিমাণ দেয়া আছে ৩.৯৯১৪ একর কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন দেয়া আছে ০৩.০০ (তিন) একরের। অধিকন্তু সিপিসি-৩ এর স্থলে সিপিসি-২ এর কার্যালয় নির্মানের জন্য জমির প্রাপ্যতার পুরাতন একটি প্রত্যয়ন প্রদান করা হয়েছে যাতে ৩.০০ একর জায়গার অনুমোদন প্রদান করা হয়েছে। ফলশ্রুতিতে প্রস্তাবিত জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে নিম্নলিখিত তথ্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে জরুরী প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১. সিপিসি-৩ এর স্থায়ী ক্যাম্প কমপ্লেক্স নির্মানের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।

২. আর. এস মৌজা ম্যাপের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচী পরিমাণ উল্লেখপূর্বক ম্যাপে চিহ্নিতপূর্বক সাইট প্ল্যান প্রস্তুতকৃত নকশা।

৩. আবেদনপত্রে উল্লেখিত নগর উন্নয়ন অধিদপ্তর হতে প্রেরিত পত্রের কপি।



(শাহীন আহম্মেদ)

সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৫৪৯২৫

তারিখঃ ১০/০১/২০১৮ খ্রিঃ

স্মারক নং-ডিজি-২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৬.১৭-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


৩। উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪। সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

৫। সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। প্ল্যানার (টাউন প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৭। অফিস কপি।



(ফৌজিয়া শারমিন তিথি)

প্ল্যানার

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।